দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 MAR 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# এসএসসি পরীক্ষার তারিখ বদলানোর সিদ্ধান্ত এখনও হয়নি

জনকণ্ঠ রিপোর্ট

কর্তৃপক্ষের সিদ্ধান্তহীনতায় চরম অসহায় অবস্থায় পড়েছে পাঁচ লাখ এসএসসি পরীক্ষার্থী। পরীক্ষা শুরুর আর মাত্র সাতদিন বাকি। কিন্তু এখনও

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## এসএসসি পরীক্ষার (প্রথম পাতার পর)

তারা জানতে পারছে না নির্ধারিত দিনে পরীক্ষা হবে কি হবে না। বুধবার রাত পর্যন্ত শিক্ষামন্ত্রণালয় আগামী ২৮ মার্চ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার তারিখ পরিবর্তনের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়নি।

এ অবস্থায় পরীক্ষার্থীদের সাথে সাথে অভিভাবক ও শিক্ষকদেরও উদ্বেগ-উৎকণ্ঠা বেড়ে গেছে। অসংখ্য পরীক্ষার্থী ও অভিভাবক সংবাদপত্র অফিসে ফোন করে জানতে চাচ্ছেন, পরীক্ষা নির্ধারিত দিন থেকে হবে কি না। বিরোধী দল আহূত অসহযোগ কর্মসূচীর কারণে পরীক্ষা নিয়ে এ অনিশ্চয়তা দেখা দিয়েছে। ২০ মার্চের মধ্যে কেন্দ্রগুলোতে প্রশ্নপত্র পাঠানোর কথা থাকলেও অনিবার্য কারণেই তা পাঠানো যায়নি। অসহযোগ কর্মসূচী প্রত্যাহারেরও কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। তারপরও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরীক্ষার ব্যাপারে কোন সিদ্ধান্ত নিচ্ছেন না কেন তা অস্পষ্ট। স্বাধীনতার পর এ বছর সবচেয়ে বেশি ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

সদ্য প্রতিষ্ঠিত চট্টগ্রাম বোর্ডসহ মোট পাঁচটি বোর্ডে এ বছর মোট চার লাখ ৭৬ হাজার পরীক্ষার্থী। এর মধ্যে ঢাকা বোর্ডে এক লাখ ৪১ হাজার; রাজশাহী বোর্ডে এক লাখ ২০ হাজার; যশোর বোর্ডে ৮৫ হাজার এবং কুমিল্লা ও চট্টগ্রাম বোর্ডে এক লাখ ৩০ হাজার। পরীক্ষা নিয়ে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ময়েজউদ্দিন আহমেদের সাথে আলাপ করলে তিনি জানান, আমাদের প্রস্তুতি রয়েছে। বাকি কাজ সরকারের। দেশের চলতি রাজনৈতিক অবস্থার পরিবর্তন হলে নির্ধারিত তারিখে পরীক্ষা হবে।

শেষে পর্যন্ত জানা গেছে, দেশের রাজনৈতিক অবস্থার পরিবর্তন না হলে আগামী দু'এক দিনের মধ্যে পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।